

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www nbr.gov.bd

তারিখ: ০৭-০৭-২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস রিলিজ

আজ (৭ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ, সোমবার) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ আবদুর রহমান থান, এফসিএমএ কাস্টমস হাউস, ঢাকা পরিদর্শন করেন। তিনি আমদানি কার্গো কমপ্লেক্স, এক্সপ্রেস সার্ভিস ইউনিট ও কাস্টমস হাউস, ঢাকা এর লং বুমের শুঙ্কায়ন কার্যক্রম পরিদর্শন করেন। লং বুমে বিভিন্ন শুঙ্কায়ন গুপ্তের কর্মকর্তা/ কর্মচারীদের সাথে কাস্টমসের কার্যাবলি ও তাঁরা কোন সমস্যা অনুভব করেন কি না সেই বিষয়ে জানতে চান। ইন্টারনেট সার্ভার সমস্যার বিষয়টি দ্রুত সমাধান করতে কাস্টমসের আইটি বিভাগকে নির্দেশনা প্রদান করেন।

আমদানি কার্গো কমপ্লেক্সে দীর্ঘদিন ধরে পরে থাকা পণ্যের দ্রুত নিষ্পত্তিকল্পে পরামর্শ প্রদান করেন। একইসাথে বিমান দ্বারা আনীত পণ্যের ক্ষেত্রে দ্রুত রিলিজের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানের নির্দেশনা দেন। এসময়ে বিমান বাংলাদেশ লি. এর জেনারেল ম্যানেজার জানান যে, বর্তমানে বিমান ও কাস্টমসের সমন্বিত কার্যক্রমের কারণে পণ্য জট অনেক সহজীয় পর্যায়ে রয়েছে।

এক্সপ্রেস সার্ভিস ইউনিটের পণ্য দ্রুত রিলিজকল্পে পণ্যের সঠিক ক্ষ্যানিং এর ওপর জোর দিতে বলেন এবং বিভিন্ন পর্যায়ের স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় করেন। সিএন্টএফ এজেন্ট, শ্রমিক ও আমদানিকারকের প্রতিনিধির সাথে তাদের কোন সমস্যা রয়েছে কি না তা জানতে চান ও সমাধানকল্পে পরামর্শ প্রদান করেন।

কাস্টমস হাউস, ঢাকা'র কর্মকর্তা/কর্মচারীদের সাথে এবং বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথেও তিনি মতবিনিময় করেন। এছাড়া, অনলাইনভিত্তিক ট্যাক্স প্রদান কার্যক্রম এ-চালানের মাধ্যমে জমা দেয়ার প্রক্রিয়া উদ্বোধন করেন। অতঃপর প্রবাসীদের পণ্য আনার ক্ষেত্রে সুবিধার জন্য ব্যাগেজ ট্যাক্স সফটওয়্যার ও আটককৃত পণ্যের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ডিএম সফটওয়্যার উদ্বোধন করেন। তিনি বলেন কাস্টমস হাউসমূহ ট্রেড ফ্যাসিলিটেশন এর কেন্দ্র-বিন্দু। একইসাথে যেন ব্যবসায়িদের কোন বিড়ম্বনা না হয়, বিমানবন্দরে প্রবাসী যাত্রীরা যেন কোনরূপ হয়রানি না হয় সেই বিষয়ে নির্দেশনা প্রদান করেন। তিনি আশ্বস্ত করেন, যে সকল কর্মকর্তা/কর্মচারী সততা-দক্ষতা ও সচেষ্টতার সাথে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করবেন তাদের কোন ভয় নেই। একইসাথে দেশ ও রাষ্ট্রকে সর্বাধিক গুরুত্ব দিয়ে নিরবিচ্ছিন্নভাবে বন্দরের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। তিনি প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার কর্মীদের সাথে কাস্টমস ও জাতীয় রাজস্ব বোর্ডের বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন এবং তাদের প্রশ্নের জবাব প্রদান করেন। কাস্টমস হাউস, ঢাকা'র সার্বিক কার্যক্রমে তিনি সন্তোষ প্রকাশ করেন।

মোঃ আল-আমিন শেখ
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় রাজস্ব বোর্ড
০১৭৩৭২৬০০৫৩